

# আমাদেরেময়

## বেসরকারি গ্রন্থাগারগুলোর প্রতি নজর দিন

এমদাদ হোসেন ভুঁইয়া

৩ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ২ ফেব্রুয়ারি ২০২১ ২৩:২৬



বাংলাদেশ গ্রন্থসুহৃদ সমিতি ও বেরাইদ গণপাঠ্যগার ১৯৮০-এর দশক থেকে বেরাইদকে গ্রন্থপালী ঘোষণার লক্ষ্যে পাইলট প্রকল্প ধরে কাজ করছে। পরিচালিত হচ্ছে ‘পাঠকসূজন প্রকল্প’। সরকারি প্রজ্ঞাপন জারির আগে থেকেই বেরাইদের শিক্ষা প্রতিষ্ঠানে ‘গ্রন্থাগার বিজ্ঞান বিষয়’ রচনভুক্ত করা হয়। বেসরকারি গ্রন্থাগার টেকসই করার লক্ষ্যে বাংলাদেশ গ্রন্থসুহৃদ সমিতি ও বেরাইদ গণপাঠ্যগার ২০১৮ সালের ৩০ অক্টোবর তৎকালীন সংস্কৃতিবিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান নূর এমপির কাছে তিনটি দাবি পেশ করে- ১. বেসরকারি গ্রন্থাগারকে ক, খ ও গ শ্রেণিভুক্ত করে স্থায়ী মঞ্জুরি, গ্রন্থাগারিকের পদ সৃষ্টি, পদটি এমপিওভুক্তি এবং মাধ্যমিক বিদ্যালয়ের গ্রন্থাগারিকের সমান ক্ষেত্রে প্রদান, ২. অনুদান প্রদানে ‘ওয়ান স্টপ সার্ভিস সেন্টার’ চালু এবং ৩. অনুদান কমিটিতে বাংলাদেশ গ্রন্থসুহৃদ সমিতির প্রতিনিধি অন্তর্ভুক্তি। আমরা বরাবরই একটি কথা বলে আসছি, বেসরকারি গ্রন্থাগারকে ‘এমপিও’ দিতে হবে।

বর্তমান সরকারের নির্বাচনী প্রতিশ্রূতি ‘আমার গ্রাম আমার শহর’। এটি বাস্তবায়নে তৈরি করা হচ্ছে ‘ফ্রেমওয়ার্ক’। এই কর্মসূচিতে আমরা গ্রন্থাগার অন্তর্ভুক্তির প্রস্তাব করছি। ‘গণগ্রন্থাগার মন্ত্রণালয়’ গঠন করে দেশের সব গ্রন্থাগার পরিচালনার ভার তাদের ওপর ন্যস্ত করা যেতে পারে। যে জাতির গ্রন্থাগার যত সমৃদ্ধ, সে জাতি তত উন্নত। এবার জাতীয় গ্রন্থাগার দিবসের প্রতিপাদ্য, ‘মুজিববর্ষের অঙ্গীকার ঘরে ঘরে গ্রন্থাগার।’ এবার গ্রন্থাগার দিবসে থেকেই উন্নত জাতি গঠনে বেসরকারি গ্রন্থাগারগুলোর প্রতি বিশেষভাবে নজর দেওয়া শুরু করুন।

এমদাদ হোসেন ভুঁইয়া

সভাপতি, বাংলাদেশ গ্রন্থসুহৃদ সমিতি ও বেরাইদ গণপাঠ্যগার

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন খবর টেলিক

**আমাদেশময়**

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy